

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, সাভার, ঢাকা।

www.bksp.gov.bd

স্মারক নং - ৩৪.০৪.০২০০.০০১.০০.০০০. (পিএফ). ১৬-২০১৭

তারিখ: ০৬ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ।
২০ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

বিগত ২১/১০/২০১৭ ও ২৪/১০/২০১৭ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁসের সাথে অত্র প্রতিষ্ঠানের সহকারী পরিচালক (প্রশাসন) জনাব অলিপ কুমার বিশ্বাস-এর সম্পৃক্ত থাকার সংবাদ প্রকাশিত হয়। পরবর্তীতে জনাব মোহাম্মদ আশরাফুজ্জামান, পুলিশ পরিদর্শক, অর্গানাইজড ক্রাইম, বাংলাদেশ পুলিশ, সিআইডি, মালিবাগ, ঢাকা-এর ২০/১০/২০১৭ খ্রি. তারিখের স্বাক্ষরিত পত্রমূলে সহকারী পরিচালক (প্রশাসন) জনাব অলিপ কুমার বিশ্বাস-এর বিরুদ্ধে শাহবাগ থানায় "এজাহার দায়ের" করে তার অনুলিপি বিকেএসপি কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করেন। সহকারী পরিচালক (প্রশাসন) জনাব অলিপ কুমার বিশ্বাস বিগত ২৬/১০/২০১৭ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সহকারী পরিচালক (প্রশাসন) জনাব অলিপ কুমার বিশ্বাস-এর এ ধরনের কর্মকান্ড বিকেএসপির চাকুরী প্রবিধানমালা-২০১০ এর ২(ক) ধারা অনুযায়ী অসদাচরণের শামিল। গত ১২ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বিকেএসপি'র বোর্ড অব গভর্নরসের ৩০-তম সভায় তাঁকে সাময়িক বরখাস্ত করার বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়। সেই প্রেক্ষিতে, সার্বিক পরিস্থিতি পর্যালোচনান্তে বিকেএসপি চাকুরী প্রবিধানমালা ২০১০ এর ৪৪(১) ধারা মোতাবেক সহকারী পরিচালক (প্রশাসন) জনাব অলিপ কুমার বিশ্বাস-কে সাময়িক ভাবে বরখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকি ভাতা প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ সামছুর রহমান, বিজিবিএম, পিবিজিএম
এনডিসি, এএফডব্লিউসি, পিএসপি

ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি।

অনুলিপি :

- ১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ), বিকেএসপি।
- ৩। পরিচালক (প্রশিক্ষণ), বিকেএসপি।
- ৪। অধ্যক্ষ, ক্রীড়া কলেজ, বিকেএসপি।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়-এর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়-এর সদয় অবগতির জন্য)।
- ৬। উপ-পরিচালক (প্রশিক্ষণ), বিকেএসপি।
- ৭। ভারপ্রাপ্ত উপ-পরিচালক (ক্রীড়া বিজ্ঞান), বিকেএসপি।
- ৮। ভারপ্রাপ্ত উপ-পরিচালক, বিকেএসপির আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট।
- ৯। নির্বাহী প্রকৌশলী, বিকেএসপি।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিকেএসপি।
- ১১। মেডিক্যাল অফিসার, বিকেএসপি।
- ১২। সংশ্লিষ্ট নথি।
- ১৩। জনাব জনাব অলিপ কুমার বিশ্বাস, সহকারী পরিচালক (প্রশাসন), বিকেএসপি।
স্থায়ী ঠিকানা : গ্রাম-পুষআমলা, ডাকঘর-সমাধিনগর, থানা-বালিয়াকান্দি, জেলা-রাজবাড়ী।